শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
বিকেবি, প্রকা,ঢাকা।

**বিষয় : জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ অনুযায়ী অনুচ্ছেদ ২.১ ও ২.২ এর বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ প্রসঙ্গে।**

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ র **২.১ অনুচ্ছেদে** মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক "২০২২-২৩ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা পরিকল্পনা(প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ)ওয়েবসাইটে প্রকাশ" শিরোনামে সূচক নির্ধারণ করা হয়েছে, অত্র ব্যাংক কর্তৃক যার লক্ষ্যমাত্রা ৩১.১২.২০২২ নির্ধারণ করা হয়েছে **(কপি সংযুক্ত)**।

০৩। একইভাবে **২.২ অনুচ্ছেদে** মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক "অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (প্রকল্পের ক্রয় পরিকল্পনাসহ)" শিরোনামে সূচক নির্ধারণ করা হয়েছে। অত্র ব্যাংক কর্তৃক প্রতি ত্রৈমাসিকে উক্ত সূচকের ৭০% অর্জন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

০৪। **মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত নির্দেশিকা মোতাবেক ২.১ অনুচ্ছেদে বর্ণিত উক্ত লক্ষ্যমাত্রার বাস্তবায়ন অগ্রগতি ও তার উপযুক্ত প্রমাণক আগামী ১৫.১২.২০২২ তারিখের মধ্যে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগে প্রেরণ করতে হবে।**

০৫। এমতাবস্থায়, আগামী ৩০.১০.২০২২ তারিখের মধ্যে স্ব স্ব বিভাগের **২.১ অনুচ্ছেদে বর্ণিত** "২০২২-২৩ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা পরিকল্পনা(প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ)" এবং **২.২ অনুচ্ছেদে** বর্ণিত "অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (প্রকল্পের ক্রয় পরিকল্পনাসহ) " চলতি অর্থ বছরের সেপ্টেম্বর ২০২২, ডিসেম্বর ২০২২, মার্চ ২০২৩, জুন ২০২৩ মাসের ১০ তারিখের মধ্যে প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহন বিভাগে প্রেরণ করতে হবে।

০৬। প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহন বিভাগ সকল বিভাগের "২০২২-২৩ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা পরিকল্পনা(প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ)" সমন্বিত আকারে প্রনয়ন করে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সদয় অনুমোদন ও নির্দেশিকা মোতাবেক প্রতিস্বাক্ষর গ্রহণ করে ওয়েবসাইটে প্রকাশ করে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

০৭। পাশাপাশি প্রতি ত্রৈমাসিকে **২.২ অনুচ্ছেদে বর্ণিত** "অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (প্রকল্পের ক্রয় পরিকল্পনাসহ)" শিরোনামে সূচকে "২০২২-২৩ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা পরিকল্পনা(প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ)"-র প্রতি প্রান্তিকের হারের বা ক্রয় পরিকল্পনার একচতুর্থাংশের ৭০% বাস্তবায়ন প্রতিবেদন ব্যাংক ব্যবস্থানপনা কর্তৃপক্ষের সদয় প্রতিস্বাক্ষর গ্রহণ করে চলতি অর্থ বছরের **সেপ্টেম্বর ২০২২, ডিসেম্বর ২০২২, মার্চ ২০২৩, জুন ২০২৩ মাসের ১৫ তারিখের মধ্যে** শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগে প্রেরণ করার জন্য প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহন বিভাগকে অনুরোধ করা হলো।

04.10.22
(কে,এম, হাবিব-উন-নবী)
উপমহাব্যবস্থাপক

উপমহাব্যবস্থাপক
প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহন বিভাগ/
এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ/
আইসিটি অপারেশন বিভাগ/
আইসটি সিস্টেমস্ কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ

অভ্যঃপত্র নং-প্রকা/শানিব্যউবি-৮(অংশ-১০) শুদ্ধাচার/২০২২-২০২৩/৩৬৮(৪) তারিখ : ০৪.১০.২০২২

# দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩

## দপ্তর/সংস্থার নাম: বাংলাদেশ কৃষি ব্যাংক

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২১-২০২২ | | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | অর্জিত মান | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| **১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা........................................২২** | | | | | | | | | | | | | |
| ১.১। নৈতিকতা কমিটির সভা আয়োজন | সভা আয়োজিত | ১ | সংখ্যা | উপ মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ | ৪ | লক্ষ্যমাত্রা | ১ | ১ | ১ | ১ | | | ২৪.০৮.২০২২ তারিখে অনুষ্ঠিত |
| | | | | | | অর্জন | ১ | | | | | | |
| ১.২। নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | বাস্তবায়িত সিদ্ধান্ত | ৪ | % | সিদ্ধান্ত সংশ্লিষ্ট বিভাগ | ১০০% | লক্ষ্যমাত্রা | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | | | প্রমাণক সংযুক্ত |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.৩। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | অনুষ্ঠিত সভা | ৪ | সংখ্যা | উপ মহাব্যবস্থাপক শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ | ৪ | লক্ষ্যমাত্রা | ১ | ১ | ১ | ১ | | | ২২.০৮.২০২২ তারিখে অনুষ্ঠিত |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.৪। শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণ আয়োজিত | ২ | সংখ্যা | অধ্যক্ষ, স্টাফ কলেজ উপমহাব্যবস্থাপক, এইচআরএমডি-২ | ২ (২০০জন) | লক্ষ্যমাত্রা | | ১(১০০জন) | | ১(১০০জন) | | | ৩১.০৮.২০২২ তারিখে অনুষ্ঠিত |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.৫। কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিস্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/ পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/ মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা ইত্যাদি) | উন্নত কর্ম-পরিবেশ | ২ | সংখ্যা ও তারিখ | উপ মহাব্যবস্থাপক, প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহন বিভাগ এবং এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ। | ০২টি ৩০.১১.২০২২; ৩১.০৫.২০২৩ | লক্ষ্যমাত্রা | | ৩০.১১.২০২২ | | ৩১.০৫.২০২৩ | | | চলতি প্রান্তিকে লক্ষ্যমাত্রা নাই |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.৬। আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | ফিডব্যাক সভা/কর্মশালা অনুষ্ঠিত | ৪ | তারিখ | উপ মহাব্যবস্থাপক শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ | ১৫.০৭.২০২২ ১৫.১০.২০২২ ১৫.০১.২০২৩ ১৫.০৪.২০২৩ | লক্ষ্যমাত্রা | ১৫.০৭.২০২২ | ১৫.১০.২০২২ | ১৫.০১.২০২৩ | ১৫.০৪.২০২৩ | | | ২১.০৯.২০২২ তারিখে অনুষ্ঠিত |
| | | | | | | অর্জন | | | | | | | |
| **২. আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন ..........৮** | | | | | | | | | | | | | |
| ২.১। ২০২২-২৩ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ | ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত | ২ | তারিখ | উপ মহাব্যবস্থাপক, প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহন বিভাগ (সম্মিলিতভাবে) | ৩১.১২.২০২২; | লক্ষ্যমাত্রা | | ৩১.১২.২০২২ | | | | | চলতি প্রান্তিকে লক্ষ্যমাত্রা নাই |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ২.২। অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (প্রকল্পের ক্রয় পরিকল্পনাসহ) | ক্রয় পরিকল্পনা বাস্তবায়িত | ২ | % | উপ মহাব্যবস্থাপক, প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহন বিভাগ | ৭০% | লক্ষ্যমাত্রা | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | | | |
| | | | | | | অর্জন | | | | | | | ২য় প্রান্তিকে ১ম ও ২য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি দেখানো হবে। |
| ২.৩। বাজেট বাস্তবায়ন | বাজেট বাস্তবায়িত | ৩ | % | উপ মহাব্যবস্থাপক, বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ বিভাগ | ৭০% | লক্ষ্যমাত্রা | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | | | |
| | | | | | | অর্জন | | | | | | | চলতি অর্থ বছরের বাজেট ও |

**২.১ ২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ**

পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী সরকারের রাজস্ব বাজেটের অধীনে কোন ক্রয়কার্য পরিচালনার ক্ষেত্রে ক্রয়কারী প্রতিষ্ঠান অর্থবছরের প্রারম্ভে বার্ষিক ক্রয়-পরিকল্পনা প্রণয়ন করবে। রাজস্ব বাজেটের অধীনে ক্রয় পরিকল্পনা প্রণয়নের পাশাপাশি চলমান প্রকল্পসমূহের বার্ষিক ক্রয় পরিকল্পনা অর্থাৎ উন্নয়ন বাজেটের ক্রয় পরিকল্পনা অনুমোদন করতে হবে। রাজস্ব বাজেট এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয় পরিকল্পনা ৩১ জুলাই ২০২২ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। দু'ধরনের ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশের জন্য দু'টি পৃথক তারিখ নির্ধারণ করা হলে তারিখ দু'টি ১ম কোয়ার্টারে (৮ নম্বর কলামে) কমা দিয়ে লিখতে হবে। উল্লেখ্য, মন্তব্য কলামে কোনটি রাজস্ব বাজেটের ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশের লক্ষ্যমাত্রা এবং কোনটি উন্নয়ন বাজেটের ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশের লক্ষ্যমাত্রা তা নির্ধারণ করে দিতে হবে। এক্ষেত্রে মোট বরাদ্দকৃত নম্বর ২। রাজস্ব বাজেটের ক্রয় পরিকল্পনার জন্য বরাদ্দকৃত নম্বর ১ এবং উন্নয়ন বাজেটের ক্রয় পরিকল্পনার জন্য বরাদ্দকৃত নম্বর ১।

**মূল্যায়ন পদ্ধতি:** ২০২২-২৩ অর্থবছরের প্রারম্ভে লক্ষ্যমাত্রা অনুযায়ী বার্ষিক ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করা হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। নির্ধারিত তারিখের মধ্যে ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করতে না পারলে কোন নম্বর পাওয়া যাবে না।

**প্রমাণক:** অফিস আদেশ ও স্ব স্ব ওয়েবসাইট।

২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের)০ঃ

রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়নের জন্য ২.২ **নম্বর** ক্রমিকের ৬ নম্বর কলামে লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে এবং ৮-১১ নম্বর কলামে বিভাজন করে প্রদর্শন করতে হবে।

মূল্যায়ন পদ্ধতিঃ লক্ষ্যমাত্রা অনুযায়ী বার্ষিক ক্রয় পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন করতে পারলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন করা হবে।

**প্রমাণক:** বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন যা নৈতিকতা কমিটির সভাপতি কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।